



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.২২৭.১৮/৩২ ৪৫/৭

তারিখ: ২৬/০৮/১৪২৬ বঙ্গাব্দ
৭/০৮/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: জয়পুরহাট জেলার কালাই উপজেলাধীন কালাই মহিলা কলেজের প্রভাষক(সমাজবিজ্ঞান) জনাব মো: আব্দুল মাবুদ খন্দকার এর বেতন ভাতা ছাড়করণ।


সূত্র: রিট পিটিশন নং-৪১০১/১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার কালাই উপজেলাধীন কালাই মহিলা কলেজের প্রভাষক(সমাজবিজ্ঞান) জনাব মো: আব্দুল মাবুদ খন্দকার কলেজে দায়িত্বপালন ও বেতন-ভাতা প্রাপ্তির জন্য ১৪/০৫/২০১৯খ্রি. তারিখে মাউশি অধিদপ্তরে আবেদন দাখিল করেন। আবেদন নিষ্পত্তি না হওয়ায় তিনি মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৪১০১/১৯ দায়ের করেন।

মহামান্য আদালত বিবাদীগণের প্রতি রুগল জারিসহ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন। অন্তর্বর্তীকালীন আদেশে ৩নং বিবাদী অর্থাৎ মহাপরিচালককে পিটিশনারের ১৪/০৫/২০১৯খ্রি. তারিখের আবেদন বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য আদেশ দেয়া হয়। আদেশে ৬০ দিনের মধ্যে আবেদনটি নিষ্পত্তির জন্য বলা হয়েছে।

মাউশি অধিদপ্তরের এমপিও ডাটাবেজ মোতাবেক প্রভাষক (সমাজবিজ্ঞান) জনাব মো: আব্দুল মাবুদ খন্দকার (ইনডেক্স নং- ৮৩৪০৮৭) এর বেতন ভাতা চলমান আছে। কলেজটির গভর্ণিং বডি বর্ণিত শিক্ষকের বেতন-ভাতা স্থগিত এবং দায়িত্বপালনে বিরত রেখেছেন।

এমতাবস্থায়, জনাব মো: আব্দুল মাবুদ খন্দকার, প্রভাষক(সমাজ বিজ্ঞান) কর্তৃক ১৪/০৫/২০১৯ খ্রি. তারিখের মাউশি অধিদপ্তরে দাখিলকৃত আবেদনটি মহামান্য আদালতের নির্দেশনা অনুযায়ী বিধি মোতাবেক নিষ্পত্তি করে মাউশি অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৭.০৮.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: ncollege@dshe.gov.bd



অধ্যক্ষ

কালাই মহিলা কলেজ

কালাই, জয়পুরহাট।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, কালাই মহিলা কলেজ, কালাই, জয়পুরহাট।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৩। আইন কর্মকর্তা, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট।
- ৫। উপজেলা মাধ্যমিক অফিসার, কালাই, জয়পুরহাট।
- ৬। জনাব মো: আব্দুল মাবুদ খন্দকার, প্রভাষক (সমাজবিজ্ঞান), কালাই মহিলা কলেজ, কালাই, জয়পুরহাট।
- ৭। সংরক্ষণ নথি।